



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**30 AUGUST 2024**

**7:35**

**AM IST**

=====

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কার্যকালে আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চল অভূতপূর্ব বিকাশের পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতি মন্ত্রী ডঃ এল. মুরুগান জানিয়েছেন। গতকাল গুয়াহাটীতে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে ডক্টর মুরুগান জানান যে প্রধানমন্ত্রী এই অঞ্চলের উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে আসছেন। দু দিনের আসাম সফরকালে ডক্টর মুরুগান চিরাং জেলা সফর সহ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের কয়েকজন প্রবীণ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন।

---

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনে গতকাল মুসলমান বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ বাধ্যতামূলক বিল-২০২৪ গৃহীত হয়েছে। মন্ত্রী যোগেন মোহনের উত্থাপন করা বিলটি ধ্বনি ভোটে গৃহীত হয়। এই বিলের অধীনে বাল্য বিবাহকে অপরাধ হিসেবে গণ্য করা হবে।

---

রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদের নিযুক্তি পরীক্ষা সম্ভাব্য তারিখ জানানো হয়েছে। উচ্চতর মাধ্যমিক স্তরের তৃতীয় শ্রেণীর পদের জন্য আগামী ১৫ই সেপ্টেম্বর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী স্নাতক পর্যায়ে তৃতীয় শ্রেণীর পরীক্ষা ২৯ শে সেপ্টেম্বর সকাল ৯ টা থেকে ১২ টা পর্যন্ত এবং মাধ্যমিক পর্যায়ে চালক পদের জন্য পরীক্ষা ঐদিনই দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত অনুষ্ঠিত হবে। অনুরূপভাবে আই টি আই উত্তীর্ণ সহ মাধ্যমিক পর্যায়ে চতুর্থ শ্রেণীর সম্ভাব্য পরীক্ষা ২৭ শে অক্টোবর বেলা দেড়টা থেকে অনুষ্ঠিত হবে। অষ্টম শ্রেণী পর্যায়ে পদগুলোর পরীক্ষা আগামী ২৭ শে অক্টোবর বেলা দেড়টা থেকে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য তৃতীয় শ্রেণীর পদের জন্য প্রায় ১৮ লক্ষ ৫০ হাজার প্রার্থী আবেদন করেছেন। চতুর্থ শ্রেণীর পদের জন্য ১৩ লক্ষ ৭০ হাজার প্রার্থী আবেদন করেছেন। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে বই, কাগজ, মোবাইল, বৈদ্যুতিক সামগ্রী নিয়ে যেতে পারবেন না। পরীক্ষা কেন্দ্রে শুধু এডমিট কার্ড, কলম, পরিচয় পত্র নিয়ে প্রবেশ করা যাবে।

---

অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে উত্তর-পূর্ব সীমান্ত রেলের ৯১ টি রেল স্টেশনের উন্নয়নমূলক কাজ অব্যাহত রয়েছে। এই প্রকল্পের অধীনে নির্দিষ্ট তালিকাভুক্ত স্টেশনগুলোর পরিকাঠামো ও সুযোগ সুবিধার উন্নয়নের লক্ষ্যে এবং রেল যাত্রীদের আধুনিক ও স্বাচ্ছন্দমূলক পরিবেশ সু-নিশ্চিত করার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য অমৃত ভারত প্রকল্পের অধীনে লামডিং, ডিব্রুগড়, শিবসাগর, কামাখ্যা, নিউ তিনশুকিয়া, ধর্মনগর, কুমারঘাট সহ ৯১ টি স্টেশনকে অর্ন্তভুক্ত করা হয়েছে।

---

হাইলাকান্দীর অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আগামী দোসরা সেপ্টেম্বর থেকে বায়োমেট্রিক আধার আপডেট শিবিরের আয়োজন করা হবে। বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আগামী ২৩শে নভেম্বর পর্যন্ত পর্যায়ক্রমে আধার আপডেট শিবির অনুষ্ঠিত হবে।

---

অল আসাম মিনিষ্ট্রিয়াল অফিসার্স এসোসিয়েশনের শিলচর জিলা কমিটির দ্বি-বার্ষিক সাধারণ সভা আগামী পয়লা সেপ্টেম্বর সকাল ১১টায় শিলচর হিন্দী ভবনে অনুষ্ঠিত হবে। সভায় বিগত বছরের কার্য বিবরণী পাঠ ও হিসাব পেশ, সংস্থার নতুন কমিটি গঠন সহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হবে।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় বোয়ালিপার ফার্মাস ক্লাব খেলবে কাহরঘাট জি এস এম ক্লাবের বিরুদ্ধে ।

জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় বিনপার একাদশ ২-১ গোলে লালা টাউন এফ সি দলকে পরাজিত করেছে ।

---

ধলাই মাতৃভূমি কাপ নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ব্রাইট স্টার ক্লাব মুখোমুখি হবে ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দলের বিরুদ্ধে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় জামালপুর দল ২-০ গোলে মথুরাপুর এফ সি দলকে পরাজিত করে ।  
খেলায় আগামীকাল অনুষ্ঠিত প্রতিযোগিতার তৃতীয় কোয়ার্টার ফাইনালে .

---

পালংঘাট মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার প্রথম সেমি-ফাইনাল খেলা আজ অনুষ্ঠিত হবে । আজকের প্রথম সেমি-ফাইনালে আমড়াঘাট এফ সি মুখোমুখি হবে রাজঘাট এফ সি-র বিরুদ্ধে ।

পালংঘাটের চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার দ্বিতীয় সেমি-ফাইনাল খেলায় আগামী দোসরা সেপ্টেম্বর ডেফলিপার এফ সি মুখোমুখি হবে নাইন ফ্রেন্ডস কালাখাল এফ সি-র বিরুদ্ধে ।

---

---